গোপালগঞ্জে হামলার প্রতিবাদে এনসিপির দেশব্যাপী বিক্ষোভের ঘোষণা নাহিদ ইসলামের



সংগৃহীত ছবি

গোপালগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) শান্তিপূর্ণ সমাবেশে হামলার প্রতিবাদে আগামী বৃহস্পতিবার (১৭ জুলাই) সারাদেশে বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে দলটি।

বুধবার (১৬ জুলাই) রাতে খুলনা প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম এই কর্মসূচির ঘোষণা দেন। তিনি বলেন, "আমাদের উপর পরিকল্পিত হামলা চালানো হয়েছে। এ হামলার প্রতিবাদে আমরা দেশের প্রতিটি জেলা ও মহানগরে শান্তিপূর্ণ বিক্ষোভ কর্মসূচি পালন করব।"

এসময় তিনি গোপালগঞ্জে হামলাকারীদের দ্রুত গ্রেপ্তার এবং ঘটনার সুষ্ঠু তদন্ত দাবি করেন।

বিস্তারিত আসছে...